



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pro@bhbf.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

বিএইচবিএফসি'র চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদকে সম্মাননা প্রদান



সম্প্রতি বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনে মানবাধিকার প্রতিষ্ঠা ও বাস্তবায়ন সংস্থার উদ্যোগে বর্তমান সামাজিক প্রেক্ষাপটে দুঃস্থ ও অবহেলিত মানুষের অধিকার সুরক্ষা ও নিশ্চিতকরণ বিষয়ে শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও প্রবীন ব্যাংকার শেখ আমিনউদ্দিন আহমেদকে কর্পোরেশনের সফলতার স্বীকৃতিস্বরূপ সুদক্ষ পরিচালনায় বিশেষ অবদানের জন্য সংস্থার পক্ষ থেকে সম্মাননা প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে মানবাধিকার সংস্থার মহাসচিব মোঃ নুরুল ইসলাম, যুগ্ম মহাসচিব মাহাবুবুল ইসলাম তালুকদার, উপদেষ্টা মোঃ ফায়েরুজ্জামান ও সাংগঠনিক সম্পাদক দীলিপ কুমার পালসহ অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।